

Publication	Khabar 365 Din
Date	25 <sup>th</sup> March, 2012
Headline	Devi Shetty's second hospital to open in July
Page no.	7



রবিবার ২৫ মার্চ ২০১২

## ভূলাইয়ে খুলছে দেবী শেঠির দ্বিতীয় হাসপাতাল

নিজস্ব প্রতিবেদন। কলকাতার পর এবার দুর্গাপুর। আগামী তিন থেকে চার মাসের মধ্যেই 'নারায়ণ রুদ্রায়ালয় হাসপিটল' শুরু করতে চলেছে পশ্চিমবঙ্গের দ্বিতীয় প্রকল্পের কাজ। দুর্গাপুরের আই কিউ সিটি অ্যান্ড নলেজ ক্যাম্পাসে অত্যাধুনিক প্রযুক্তির একটি মেডিক্যাল কলেজ হাসপাতালের উদ্বোধন করতে নারায়ণ রুদ্রায়ালয় হাসপিটলস গ্রুপ। সাইনারাজি গ্রুপ,এসপিএস গ্রুপ, মানি গ্রুপের সঙ্গে যৌথভাবে ওই মেডিক্যাল কলেজ ও হাসপাতালটি তৈরি করছে ডা: দেবী শেঠির 'নারায়ণ রুদ্রায়ালয় গ্রুপ'। দুর্গাপুরের ৫০ একর জমিতে তৈরি হচ্ছে রাজ্যের দ্বিতীয় অত্যাধুনিক প্রযুক্তির সুবিধা যুক্ত কার্ডিয়াক হাসপাতালটি। শনিবার একটি সাংবাদিক বৈঠকে ডা: দেবী শেঠি বলেন, দুর্গাপুরের এই হাসপাতালটিতে প্রথম পর্যায়ে ৩০০ টি শয্যার ব্যবস্থা করা হচ্ছে। পরবর্তী পর্যায়ে আরও ৪৫০ টি শয্যা বাড়ানো হবে। শুধু হাসপাতাল নয়, প্রথম পর্যায়ে ১৫০ টি আসন বিশিষ্ট একটি মেডিক্যাল কলেজ, ১২০ টি আসনের একটি নার্সিং কলেজ ও একটি হাসপিটল ম্যানেজমেন্ট কলেজ তৈরি করা হচ্ছে ওই ক্যাম্পাসে। দ্বিতীয়

পর্যায়ে ওই স্বাস্থ্য নগরটিতে তৈরি হবে একটি ডেন্টাল কলেজ, একটি প্যারা মেডিক্যাল কলেজ, অ্যালায়েড হেলথ কলেজ, একটি ফার্মাসি কলেজ ও একটি স্কুল। গৌটা প্রকল্পটিতে ৪৫০ কোটি টাকা ব্যয় হয়েছে। এদিন ডা: দেবী শেঠি জানান, দেশের বেশির ভাগ মেডিক্যাল কলেজে যথেষ্ট স্বাস্থ্য পরিসেবা প্রদান করা হয় না কিন্তু তাঁদের এই মেডিকেল কলেজ হাসপাতালটিতে সাধারণ মানুষ নিজেদের সাধার মতোই অত্যাধুনিক স্বাস্থ্য পরিষেবা পাবে। পাশাপাশি বর্তমানে রাজ্যের মেডিক্যাল পড়ুয়াদের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে অত্যাধুনিক শিক্ষা। চলতি বছরের জুলাই মাসের মধ্যেই পশ্চিমবঙ্গের মানুষের জন্য খুলে যাবে দুর্গাপুরের এই ক্যাম্পাসটি। দুর্গাপুরের পাশাপাশি বোলপুর এবং শিলিগুড়িতেও নারায়ণ রুদ্রায়ালয় হাসপিটলস গ্রুপের দুটি প্রকল্পের কাজ চলছে। বোলপুরের প্রকল্পটির জন্য ১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অন্যদিকে শিলিগুড়ির প্রকল্পটির জন্য ১৬ কোটি টাকা বরাদ্দ করেছে সংশ্লিষ্ট সংস্থাটি। এসপিএস গ্রুপ, মানি গ্রুপ এবং বেশ কিছু বেসরকারি সংস্থা অর্থ যোগানের ব্যবস্থা করেছে বলে জানা গিয়েছে।